প্রথম আলো

তারিখ 1 MAY 2009
পৃষ্ঠা ৭ কলাম ২

# একজন সাংসদ চারটি শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি হতে পারবেন

## সংসদীয় কমিটির সুপারিশ

নিজস্ব প্রতিবেদক ●

একজন সাংসদ সর্বোচ্চ চারটি শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি হতে পারবেন। ৭ মের মধ্যে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারির সুপারিশ করেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। কমিটি অবিলম্বে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ব্যবস্থাপনা কমিটি গঠনে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ারও সুপারিশ করে।

গতকাল বৃহস্পতিবার সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদীয় কমিটির সভায় এসব সুপারিশ করা হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি রাশেদ খান মেনন। সূত্র জানায়, সভায় শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগ, এমপিওভুক্তিসহ শিক্ষাব্যবস্থাপনায় বিদ্যমান অসংগতি দূর করতে শাহ আলমের নেতৃত্বে একটি সংসদীয় উপকমিটি গঠন করা হয়। সভায় সরকারি উচ্চবিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বেতন-স্কেল প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তার সমান করা এবং তাঁকে প্রথম শ্রেণীর মর্যাদা দেওয়ার সুপারিশ করা হয়।

সভায় শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, হুইপ মির্জা আজম, বীরেন শিকদার, শেখ আবদুল ওহাব, শাহ আলম, জিয়াউর রহমান ও কাজী ফারুক কাদের যোগ দেন।

সভায় জানানো হয়, দেশে বর্তমানে ৩৩ হাজার ৫৪৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে ২৬ হাজার ৩৬০টি এমপিওভুক্ত। বাকিগুলোকেও অগ্রাধিকারের ভিত্তিতে এমপিওভুক্ত করার জন্য আগামী অর্থবছরে ৬০০ কোটি টাকা প্রয়োজন। এ ব্যাপারে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি না পাওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেট থেকে ২০০ কোটি টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়।

সভা শেষে মেনন সাংবাদিকদের বলেন, সাংসদেরা তাঁদের নির্বাচনী এলাকায় চারটির বেশি শিক্ষাপ্রতিষ্ঠানের দায়িত্ব নিতে পারবেন না। এ ব্যাপারে মন্ত্রণালয়ের সঙ্গে কমিটি একমত হয়েছে। এমপিওভুক্তিতে যেসব অনিয়ম হয়েছিল তা তদন্তের জন্য কমিটি করা হয়েছে। আবার এমপিওভুক্তি চালুরও সুপারিশ করা হয়েছে।